

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৬০

শান্তিরবাজার, ১২, জানুয়ারি, ২০২৪

প্রজাতন্ত্র দিবস : শান্তিরবাজার মহকুমায় প্রস্তুতি সভা

শান্তিরবাজার মহকুমায় বিভিন্ন কর্মসূচির মাধ্যমে প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হবে। আজ শান্তিরবাজার মহকুমা শাসক কার্যালয়ের সভাকক্ষে এ উপলক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। শান্তিরবাজার মহকুমা শাসক ড. জি এস নায়েক-এর সভাপতিত্বে আয়োজিত সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য। এছাড়াও সভায় উপস্থিত ছিলেন বিভিন্ন সরকারি দপ্তরের আধিকারিকগণ এবং সামাজিক সংস্থার প্রতিনিধিগণ। সভায় আলোচনাক্রমে সিদ্ধান্ত নেওয়া হয়, ২১ জানুয়ারি শান্তিরবাজার মহকুমা ভিত্তিক ত্রিপুরা পুর্ণরাজ্য দিবস অনুষ্ঠান স্থানীয় মুকুট অডিটোরিয়ামে সকাল ১১ টায় অনুষ্ঠিত হবে। ২৩ জানুয়ারি নেতাজী সুভাষচন্দ্র বসুর জন্মদিন উপলক্ষে নেতাজীর প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জানানো হবে। ২৬ জানুয়ারি বাইর্খোড়া, জোলাইবাড়ি, শান্তিরবাজার, বীরচন্দ্রমন্ডুতে প্রভাতফেরির মাধ্যমে প্রজাতন্ত্র দিবসের সূচনা হবে। সকাল ৭টায় সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। ঐ দিন সকাল ৯ টায় শান্তিরবাজার দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে জাতীয় পতাকা উত্তোলন সহ কুচকাওয়াজ প্রদর্শন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। প্রজাতন্ত্র দিবস উপলক্ষে নানা খেলাধূলা ও স্বচ্ছ ভারত অভিযানের আয়োজন করা হবে।
